

ক্যান্টনমেন্ট প্রশাসন  
বীর উত্তম শহীদ মাহবুব সেনানিবাস  
পার্বতীপুর, দিনাজপুর।

স্মারক নং-২৩.২২.৭০১৮.০০৪.৫৬.০০২.২১-৩৪৪

তারিখঃ ১৯ কার্তিক, ১৪২৮ বঃ  
১৭ অক্টোবর, ২০২১ খ্রিঃ

দোকান বরাদ্দের বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্ব সাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ক্যান্টনমেন্ট বোর্ড পরিচালিত বীর উত্তম শহীদ মাহবুব সেনানিবাসস্থ ক্যান্টনমেন্ট বোর্ড বাজারের বিল্ডিং এর পাকা দোকান ও টিনশেড দোকানের জন্য নিম্নবর্ণিত শর্তে দরখাস্ত আহবান করা যাচ্ছে। আবেদনকারীকে রংপুর ক্যান্টনমেন্ট বোর্ড অফিসের 'হিসাব শাখা' হতে ৫০০/- (পাঁচশত) টাকা মূল্যের নির্ধারিত আবেদন ফরম সংগ্রহ করে তা যথাযথভাবে পূরণ করত তা কেবলমাত্র বন্ধ খামে ১১/১১/২০২১ খ্রিঃ তারিখ ১২:০০ ঘটিকার মধ্যে ক্যান্টনমেন্ট বোর্ড অফিস, রংপুর সেনানিবাসে রক্ষিত দরপত্র বাক্সে দোকান নম্বর উল্লেখ পূর্বক আবেদন জমা করা যাবে। ঐ দিনই বেলা ১২:৩০ টায় ক্যান্টনমেন্ট এক্সিকিউটিভ অফিসার, গ্যারিশন ডিউটি অফিসার (জিডিও) এবং উপস্থিত দরদাতাগণের উপস্থিতিতে (যদি কেউ উপস্থিত থাকে) দরপত্র বাক্স খোলা হবে।

ক্র/নং	মার্কেট/ভবনের নাম	তলা	দোকান নম্বর	দোকানের সংখ্যা	সরকারী মূল্য
০১।	ক্যান্টনমেন্ট বোর্ড বাজার (নতুন বিল্ডিং) বীর উত্তম শহীদ মাহবুব সেনানিবাস।	নিচতলা	৫৫, ৫৬, ৫৭, ৫৮	০৪ টি	২,০০,০০০.০০
০২।	ক্যান্টনমেন্ট বোর্ড বাজার (নতুন বিল্ডিং) বীর উত্তম শহীদ মাহবুব সেনানিবাস।	২য় তলা	৫৯, ৬০, ৬১, ৬২, ৬৩ ৬৪, ৬৫, ৬৬, ৬৭, ৬৮	১০ টি	১,০০,০০০.০০
০৩।	টিনশেড দোকান (পূর্ব পাশে)		৩৫, ৩৬, ৩৭, ৩৮, ৩৯	০৫ টি	৮০,০০০.০০
০৪।	টিনশেড দোকান (নতুন বিল্ডিং এর সামনে)		৪১, ৪২, ৪৩, ৪৪, ৪৫, ৪৬, ৪৭	০৭ টি	৮০,০০০.০০

শর্তাবলিঃ

(ক)	আবেদনকারীগণকে আর্নেস্ট মানি বাবদ ৩০,০০০/- (ত্রিশ হাজার) টাকার পে-অর্ডার/ব্যাংক ড্রাফট (তেপসীলি ব্যাংকের যেকোন শাখা হতে 'ক্যান্টনমেন্ট এক্সিকিউটিভ অফিসার, বীর উত্তম শহীদ মাহবুব সেনানিবাস'-এর অনুকূলে জরুরী আবেদন ফরমের সাথে সংযুক্ত করতে হবে।
(খ)	কোন ব্যক্তি, প্রতিষ্ঠান বা পরিবারের সদস্য একের অধিক দোকানের জন্য আবেদন ফরম সংগ্রহ ও দাখিল করতে পারবেন।
(গ)	জাতীয় পরিচয়পত্র ফটোকপি/জন্ম সনদের ফটোকপি/পাসপোর্টের ফটোকপি/ড্রাইভিং লাইসেন্স এর ফটোকপি জমা দিতে হবে।
(ঘ)	আবেদন ফরমের সাথে প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত ছবি দাখিল করতে হবে।
(ঙ)	বরাদ্দ প্রাপ্তির ৩০ (ত্রিশ) দিনের মধ্যে দরদাতা কর্তৃক প্রদত্ত আর্নেস্টমানির =৩০,০০০/-টাকা বাদে অবশিষ্ট অর্থ অত্র বোর্ডে জমা করতে হবে। অন্যথায়, ক্যান্টনমেন্ট এক্সিকিউটিভ অফিসার-এর অনুকূলে আর্নেস্টমানি বাবদ প্রদত্ত পে-অর্ডার/ব্যাংক ড্রাফট বাজেয়াপ্ত বলে গণ্য হবে।
(চ)	ক্যান্টনমেন্ট বোর্ডের অনুমতি ব্যতীত বরাদ্দ প্রাপক দোকান অন্য কারও নিকট হস্তান্তর করা যাবে না বা ভাড়া প্রদান করা যাবে না।
(ছ)	দোকান বরাদ্দ পাওয়ার পর টিনসেড দোকানের জন্য প্রতি বর্গফুট মাসিক ০৮.০০ টাকা হারে ও বিল্ডিংয়ের জন্য প্রতি বর্গফুট মাসিক ১০.০০ টাকা হারে ভাড়া পরিশোধ করতে হবে ও যথারীতি ট্রেড লাইসেন্স গ্রহণ এবং চুক্তিপত্র সম্পাদন করতে হবে।
(জ)	দোকান বরাদ্দগ্রহীতাকে সরকারি বিধি অনুসারে সেলামী ও ভাড়ার উপর ভ্যাট ও আয়কর জমা করতে হবে।
(ঝ)	অন্যান্য শর্তাবলী বরাদ্দপত্রে/চুক্তিপত্রে উল্লেখ থাকবে, যা বরাদ্দ প্রাপক মেনে চলতে বাধ্য থাকবেন।
(ঞ)	কোন কারণ দর্শানো ব্যক্তিরকে যেকোন দরপত্র আংশিক/সম্পূর্ণ বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।
(এং)	দোকান বরাদ্দ/ব্যবস্থাপনা সংক্রান্ত সকল বিষয় ক্যান্টনমেন্ট বোর্ড বাজার খোলাহাটীর দোকান ইজারা/বরাদ্দের নীতিমালা-২০১৯ (সংশোধিত) এবং সরকার কর্তৃক সময়ে সময়ে জারীকৃত সেনানিবাস সংশ্লিষ্ট আইন ও বিধি দ্বারা পরিচালিত হবে।

২৭/১০/২১  
ইসরাউত সাদিয়া সুমী

সেনানিবাস সচিব  
বীর উত্তম শহীদ মাহবুব সেনানিবাস  
ও ক্যান্টনমেন্ট এক্সিকিউটিভ অফিসার  
রংপুর সেনানিবাস।

অনুলিপিঃ সদয় অবগতি/অবগতি ও কার্যার্থে

- ১। স্টেশন সদর দপ্তর, রংপুর সেনানিবাস।
- ২। স্টেশন সদর দপ্তর, বীর উত্তম শহীদ মাহবুব সেনানিবাস, পার্বতীপুর, দিনাজপুর।
- ৩। রংপুর সিটি কর্পোরেশন/জেলা প্রশাসক, রংপুর/জেলা প্রশাসক, দিনাজপুর।
- ৪। মিলিটারী এস্টেট অফিসার
- ৫। জি.ই (আর্মি), রংপুর সেনানিবাস/এজিই (আর্মি), বিইউএসএমএস, পার্বতীপুর, দিনাজপুর
- ৬। ক্যান্টনমেন্ট বোর্ড
- ৭। উপজেলা নির্বাহী অফিসার, রংপুর সদর/ উপজেলা নির্বাহী অফিসার, পার্বতীপুর, দিনাজপুর।
- ৮। .....নং ইউনিয়ন পরিষদ কার্যালয়, ..... রংপুর/দিনাজপুর।
- ৯। নোটিশ বোর্ড- ক্যান্টঃ বোর্ড বাজার, রংপুর সেনানিবাস/ ক্যান্টঃ বোর্ড বাজার, বিইউএসএমএস, পার্বতীপুর, দিনাজপুর/ / ডাংগার হাট, পার্বতীপুর, দিনাজপুর/কফিলের হাট, পার্বতীপুর, দিনাজপুর/ট্যাকশের হাট, বদরগঞ্জ, রংপুর/রেল স্টেশন

সদয় অবগতি ও নোটিশ বোর্ড এর মাধ্যমে  
প্রচারের ব্যবস্থার বিষয়ে অনুরোধসহ